

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৬. মিথ্যার প্রকারভেদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ২. ১. নিজের মনগড়া কথা হাদীস নামে চালানো

অনেক সময় আমরা দেখতে পাই যে, মিথ্যাবাদী রাবী নিজের বানানো কথা হাদীস বলে চালাচ্ছে। আল্লামা সুয়ূতী (৯১১ হি) উল্লেখ করেছেন যে, মাউযূ বা মিথ্যা হাদীসের মধ্যে এ প্রকারের হাদীসের সংখ্যায় বেশি। অধিকাংশ ক্ষেত্রে জালিয়াত প্রয়োজন ও সুবিধা অনুসারে একটি বক্তব্য বানিয়ে তা হাদীস নামে চালায়। উপরে উল্লিখিত বিভিন্ন উদাহরণের মধ্যে আমরা এ প্রকারের অনেক 'জাল হাদীস' দেখতে পেয়েছি। কুরআনের বিভিন্ন সূরার ফ্যীলতে বানোনো, বিভিন্ন প্রকারের 'বানোয়াট আমলের' বানোয়াট ফ্যীলতে বানানো, দেশ, জাতি, দল, মত ইত্যাদির পক্ষে বা বিপক্ষে বানানো জাল হাদীসগুলো সবই এ পর্যায়ের।

ফুটনোট

[1] সুয়ৃতী, তাদরীবুর রাবী ১/২৮৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4642

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন